

বরিশাল শিক্ষা বোর্ড ৬০৪ শিক্ষাপ্রতিষ্ঠানের বিজ্ঞান শাখা বাতিলের সিদ্ধান্ত

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল শিক্ষা বোর্ডে বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা ক্রমশ হ্রাস পাচ্ছে। বোর্ড নির্ধারিত কোটা পূরণ করতে পারছে না। বেশিরভাগ শিক্ষাপ্রতিষ্ঠান কোটা পূরণ করতে ব্যর্থ হওয়া প্রায় ৬০৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের বিজ্ঞান শাখা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে বোর্ড কর্তৃপক্ষ। চলতি বছরের এসএসসি পরীক্ষায় এই বিদ্যালয়গুলো থেকে বিজ্ঞান বিভাগে ১০ জনের কম পরীক্ষার্থী থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এ ব্যবস্থা নেয়া হচ্ছে।

শিক্ষা বোর্ড সূত্র থেকে জানা গেছে, বোর্ডের আওতাধীন ১ হাজার ২৬৪টি বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষায় মোট ৬৩ হাজার ৩৭৯ জন অংশগ্রহণ করেন। তারমধ্যে বিজ্ঞান পরীক্ষার্থী ছিল মাত্র ১০ হাজার ২৪০ জন। এরমধ্যে ৬০৪টি বিদ্যালয় ছিল যাদের বিজ্ঞান শাখার এসএসসি পরীক্ষার্থী ছিল ১০ জনেরও কম। বোর্ডের নিয়মানুযায়ী কোন শিক্ষাপ্রতিষ্ঠানের বিজ্ঞান শাখায়

২৫ জনের কম শিক্ষার্থী থাকলে এই প্রতিষ্ঠানগুলোকে প্রথমে শোকজ্ঞ ও পুরে পাঠদান অনুমতি বাতিল করা হয়। শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক আবুল বাশার জানান, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী এই বিদ্যালয়গুলোর বিজ্ঞান শাখা বাতিল করা হবে। বোর্ড চেয়ারম্যান ড. বিমল কৃষ্ণ মজুমদার জানান, মন্ত্রণালয় থেকে যে নির্দেশ দেয়া হবে বিদ্যালয়গুলোর বিরুদ্ধে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষাসংক্রান্ত সংসদীয় কমিটির সভাপতি রশ্মিন বান মেনন এমপি গত রোববার বরিশালে শিক্ষা উন্নয়ন কমিটির এক মতবিনিময় সভায় বলেন, ১০ জনের কম শিক্ষার্থী থাকলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের বিজ্ঞান শাখার অনুমোদন বাতিল করার নির্দেশ দেয়া হয়েছে। জলিকাতা এ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে বরিশালে ১২৯টি, পটুয়াখালীতে ১২৩টি, পিরোজপুরে ১৪৫টি, ঝালকাঠিতে ৬১টি, জেলায় ৮৪টি ও বরতনায় ৬২টি।